# ইরানের বিদ্যুৎ ও জ্বালানি স্থাপনায় হামলা স্থগিত করলেন ডোনাল্ড ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, ইরানের বিদ্যুৎকেন্দ্র ও জ্বালানি অবকাঠামোতে সম্ভাব্য সামরিক হামলা আগামী পাঁচ দিনের জন্য বন্ধ রাখা হবে। সোমবার (২৩ মার্চ) নিজের মালিকানাধীন সামাজিক মাধ্যম ট্রুথ সোশ্যাল–এ দেওয়া পোস্টে তিনি এ তথ্য জানান।

ট্রাম্প বলেন, গত দুই দিনে যুক্তরাষ্ট্র ও ইরান–এর মধ্যে গঠনমূলক আলোচনা হয়েছে। মধ্যপ্রাচ্যকেন্দ্রিক বিরোধ কমিয়ে আনার বিষয়েও উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে বলে তিনি দাবি করেন।

তিনি আরও জানান, আলোচনার ইতিবাচক অগ্রগতির কারণে প্রতিরক্ষা বিভাগকে নির্দেশ দেওয়া হয়েছে যাতে ইরানের জ্বালানি ও বিদ্যুৎ স্থাপনাগুলোকে লক্ষ্য করে কোনো ধরনের সামরিক পদক্ষেপ আপাতত নেওয়া না হয়।

LENS ASIA

এর আগে হরমুজ প্রণালি খুলে দেওয়ার জন্য তেহরানকে ৪৮ ঘণ্টার সময়সীমা বেঁধে দিয়েছিলেন ট্রাম্প। অন্যথায় গুরুত্বপূর্ণ স্থাপনাগুলোতে হামলার হুঁশিয়ারিও দেওয়া হয়েছিল।

সূত্র: আল জাজিরা